

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

[আইন-২ অধিশাখা]

www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.০০৬.২০১৭-৩১

তারিখঃ ১২ জুলাই ২০১৭
২৮ আষাঢ় ১৪২৪


বিষয়ঃ রীট পিটিশন নং-৭৭১৫/২০১৭, পিটিশনার জনাব সাইফুল ইসলাম সুমন, চেয়ারম্যান, করিমগঞ্জ উপজেলা পরিষদ, জেলাঃ কিশোরগঞ্জ বনাম - সরকার ও অন্যান্য।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১৪.০৬.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ০৭.০৬.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব সাইফুল ইসলাম সুমনকে তাঁর পদ থেকে অপসারণ সংক্রান্ত ২৩.০৫.২০১৭ তারিখের আদেশকে চ্যালেঞ্জ করে বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে পিটিশনার জনাব সাইফুল ইসলাম সুমন কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৮ (আট) জনকে প্রতিপক্ষ করে রীট পিটিশন নং-৭৭১৫/২০১৭ দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ উক্ত অপসারণ সংক্রান্ত আদেশের গেজেট প্রকাশ না করার আদেশ দিয়ে রুল ইস্যুপূর্বক সচিব স্থানীয় সরকার বিভাগসহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের জন্য আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২. এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুলের কপি।



(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
কিশোরগঞ্জ।

অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/মাস্টার কপি।